

নজরুল ভাই আর নেই.....

অত্যন্ত দুঃখ ভারাক্রান্ত মন নিয়ে সকলের অবগতির জন্য জানাচ্ছি আমাদের শ্রদ্ধেয় নজরুল ভাই (নজরুল ইসলাম) যিনি গ্রামীণ ব্যাংকের নজরুল ইসলাম অথবা বাঙালির ক্যাপ্টেন কুক হিসেবেও অধিক পরিচিত ছিলেন আমাদের মাঝে আর নেই। ষাট দশকের শেষার্ধ্বে তিনি অভিবাসী হয়ে স্বপরিবারে অস্ট্রেলিয়াতে এসেছিলেন। বাঙালির সজ্জন হিসেবে গ্রহণীয় নজরুল ভাই একাত্তরে আমাদের স্বাধীনতার যুদ্ধের কালে এদেশে স্বাধীনতার স্বপক্ষে ব্যাপক আন্দোলন গড়ে তোলেন। অস্ট্রেলিয়ার সরকারের উপর চাপ সৃষ্টি করেন বাংলাদেশকে স্বীকৃতি দেবার জন্য। গতকাল (১৯ জুন) তাঁর স্ট্রোক হয়েছিলো। তাঁকে নেপিয়ান হাসপাতালে নেয়া হলে চিকিৎসাধীন অবস্থায় তাঁর ম্যাসিভ হার্ট এ্যাটাক হলে তিনি কোমায় চলে যান। আজ বিকেলে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (করুণাময় আল্লাহ তাঁকে ক্ষমা করে জান্নাতে স্থান দিন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিলো ৮১ বছর।

তাঁর জানাজা সংক্রান্ত তথ্য পেলে জানিয়ে দেবো সহসাই। এই সুন্দর মনের ভাল মানুষটির জন্য দোয়া করবেন।

